অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/10/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন স্বল্প সুদের ক্ষুদ্র ব্যবসায়িক ঋণ হোয়াইটহলের আবাসিকদের জন্য এবং আগস্টে সঙ্গীন আবহাওয়ার এবং বন্যার কারণে প্রভাবিত ব্যবসাসমূহের জন্য উপলভ্য

মার্কিন ক্ষুদ্র ব্যবসা প্রশাসন ওয়াশিংটন কাউন্টির উদ্দেশ্যে শারীরিক দুর্যোগ ঘোষণার জন্য গভর্নরের অনুরোধ মঞ্জুর করেছে; এছাড়াও এসেক্স, রেনসেলার, সারাটোগা এবং ওয়ারেন কাউন্টিকে সমর্থন করে

ঝড় 40টি বাড়ি এবং 13টি ব্যবসা/অলাভজনক সংস্থার 1.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্ষতি করেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে মার্কিন যুক্তরাষ্ট্রের স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (U.S. Small Business Administration) হোয়াইটহলে ভয়াবহ আবহাওয়া এবং বন্যার পর ওয়াশিংটন কাউন্টির জন্য শারীরিক বিপর্যয় ঘোষণার জন্য তার অনুরোধ মঞ্জুর করেছে। এই ঝড়ে মোট 1.5 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি ক্ষতি হয়েছে, যার মধ্যে আছে 40টি বাড়ি এবং 13টি ব্যবসা বা অলাভজনক প্রতিষ্ঠান। এই ঘোষণায় এসেক্স, রেনসেলার, সারাটোগা এবং ওয়ারেনের পাশাপাশি কাউন্টিগুলোতে ঝড়ের ক্ষতির ফলে ক্ষতিগ্রস্ত বাড়ির মালিক এবং ব্যবসায়ীদের কম সুদের ঋণ প্রদান করা সম্ভব হবে স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের (Small Business Administration, SBA) পক্ষে। ঘোষণা মঞ্জুর হওয়ার পরে, প্রভাবিত সেই সব ব্যক্তি, পরিবার, ব্যবসা এবং অলাভজনক ক্ষতিগ্রস্তরা এখন তাদের পুনরুদ্ধারে সহায়তা পাওয়ার জন্য ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের থেকে নিম্ন-সুদের ঋণের জন্য আবেদন করতে এখন যোগ্য।

"যখন তীব্র ঝড়ে ওয়াশিংটন কাউন্টিতে বহু ডজন বাড়ি এবং ব্যবসার ক্ষতি করে, তখন নিউ ইয়র্ক সেখানে ছিল শুধু পুনরুদ্ধারের কাজে সাহায্য করার জন্যই নয়, একই সাথে ক্ষতিগ্রস্তদের নিজের পায়ে আবার দাঁড়াতে সাহায্য করার জন্য ফেডারাল তহবিলের জন্য লড়াই করার জন্যও," **গভর্নর কুওমো বলেন।** "এই ঘোষণা ফলে বাসিন্দা, ব্যবসায়ী এবং অলাভজনক প্রতিষ্ঠান গুলো দ্রুত এবং দক্ষতার সাথে ফেডারেল সরকারের কাছ থেকে মূলধনের প্রবেশাধিকার লাভ করবে কম সুদে যখন তারা পুনর্গঠন এবং পুনরুদ্ধার প্রাপ্ত হবেন।"

SBA লোন প্রায়শই যোগ্য বাসগৃহের মালিক, ভাড়াটে, ব্যবসা এবং অন্যান্যদের, যাদের কোনো জরুরি অবস্থা বা আবহাওয়া সম্পর্কিত বিপর্যয়ের পরে আর্থিক সাহায্যের প্রয়োজন হয়, তাদের সহায়তা প্রদান করে। ঘটনাটির পরে হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের নিউইয়র্ক

স্টেট ডিভিশন (New York State Division of Homeland Security and Emergency Services) এবং ওয়াশিংটন কাউন্টির কর্মীরা এই ঘটনার সাথে সম্পর্কিত ক্ষতির এক সম্পূর্ণ মূল্যায়ন করেন। এই মূল্যায়ন নিশ্চিত করেছে যে 21টি বাড়ির ও 5টি ব্যবসায়িক প্রতিষ্ঠানের গুরুতর ক্ষতি হয়েছে যার পরিমাণ যথাক্রমে 384,200 মার্কিন ডলার এবং 193,000 মার্কিন ডলার, এবং তার সাথে 19টি বাড়ি এবং 8টি ব্যবসা/অলাভজনকের সামান্য ক্ষতি হয় যার মোট পরিমাণ যথাক্রমে 570,000 মার্কিন ডলার এবং 360,000 মার্কিন ডলার।

নিম্নলিখিত গ্রুপগুলি SBA এর ঋণ থেকে সাহায্যের জন্য যোগ্য হতে পারেন নিম্নলিখিতগুলির ক্ষেত্রে:

- বাড়ির মালিকদের জন্য: ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হওয়া ভূসম্পত্তি মেরামত বা প্রতিস্থাপন করতে 200,000 মার্কিন ডলার পর্যন্ত।
- বাড়ির মালিক এবং ভাড়াটেদের জন্য: ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হওয়া ব্যক্তিগত সম্পত্তি মেরামত বা প্রতিস্থাপন করতে 40,000 মার্কিন ডলার পর্যন্ত।
- ব্যবসায় মালিকদের জন্য: ভূসম্পত্তি, ইনভেন্টরি, যন্ত্রপাতি, সরঞ্জাম এবং অন্যান্য শারীরিক ক্ষতি প্রতিস্থাপনের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত।
- ব্যবসা এবং অলাভজনক সংস্থা: দুর্যোগের পরে স্বাভাবিক ক্রিয়াকলাপ পুনরায় শুরু না হওয়া পর্যন্ত প্রয়োজনীয় কাজের মূলধন প্রদান করতে 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ইকনমিক ইঞ্জুরি ডিস্যাস্টার লোন (Economic Injury Disaster Loans)।

নিউ ইয়র্ক স্টেট স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগের কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেছেন, "যখন দুর্যোগ হানা দেয়, তাৎক্ষণিক জরুরী অবস্থা শেষ হওয়ার পরে যন্ত্রণা শেষ হয় না। অনেক সময়, একটি বিপর্যয় ব্যক্তি এবং ব্যবসার উপর একটি মানসিক এবং আর্থিক উভয় ধরণের ক্ষতির কারণ হয়। রাজ্য, ফেডারেল ও স্থানীয় সরকার জুড়ে এজেন্সিগুলিকে ধন্যবাদ তাদের অংশীদারিত্ব ও কঠোর পরিশ্রমের জন্য, যার ফলে যারা এই ভয়ানক ঝড়ে প্রভাবিত হয়েছিলেন তাদের পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় সংস্থানগুলি উপলব্ধ থাকবে।"

30 বছর পর্যন্ত মেয়াদ সহ সুদের হার বাড়ির মালিকদের এবং ভাড়াটেদের জন্য 1.19 শতাংশ, অলাভজনক সংস্থার জন্য 2.75 শতাংশ এবং ব্যবসার জন্য 3 শতাংশ অবধি কম হতে পারে। ঋণের পরিমাণ এবং শর্তগুলি SBA স্থির করে এবং প্রতিটি আবেদনকারীর আর্থিক অবস্থার উপর ভিত্তি করে করা হয়।

SBA একটি সুরক্ষিত ওয়েবসাইটের মাধ্যমে ইলেকট্রনিক লোন অ্যাপ্লিকেশন (Electronic Loan Application, ELA) ব্যবহার করে অনলাইনে আবেদন করতে সাহায্য করার জন্য একটি ভার্চুয়াল ডিজাস্টার লোন আউটরিচ সেন্টার (Virtual Disaster Loan Outreach Center, VDLOC) খুলেছে এখানে। ভার্চুয়াল কাস্টমার সাপোর্ট রিপ্রেজেন্টেটিভ অনলাইন আবেদন সম্পন্ন করার পাশাপাশি SBA প্রোগ্রাম সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে আবেদনকারীদের সাহায্য করার জন্য উপলভ্য আছেন। VDLOC তথ্য নিম্নরূপ:

ভার্চুয়াল ডিজাস্টার লোন আউটরিচ সেন্টার (VDLOC)

খোলা: সোমবার-রবিবার (7 দিন/সপ্তাহ)
সময়: সকাল 8টা - সন্ধ্যা 8টা; EDT
ইমেইল: FOCE-Help@sba.gov
ব্যক্তি ও ব্যবসার জন্য ফোন: 1-800-659-2955

আবেদনকারীরা SBA এর দুর্যোগ সহায়তা সম্পর্কে আরও তথ্যের জন্য disastercustomerservice@sba.gov SBA এর কাস্টমার সার্ভিস সেন্টারকে ইমেইল করতে পারেন। বধির বা শ্রবন জটিলতায় ভোগা ব্যক্তিরা (800) 877-8339 নম্বরে কল করতে পারেন। সম্পূর্ণ করা আবেদনগুলি ডাকযোগে পাঠাতে হবে U.S. Small Business Administration, Processing and Disbursement Center, 14925 Kingsport Road, Fort Worth, TX 76155 এ।

প্রকৃত সম্পত্তি ক্ষতির জন্য আবেদনগুলি ফেরত দেওয়ার সময়সীমা হল 05 জানুয়ারী 2021। ইকোনমিক ইঞ্জুরির আবেদনগুলি ফেরত দেওয়ার সময়সীমা হল 06 আগস্ট 2021।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন